



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd))

নম্বর- ৪৯.০৮.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)- ৭৬২

তারিখ: ১০-০১-২০২০ খ্রি।

### বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পিইসি/সমমান পরিকায় উত্তীর্ণ হয়ে ৬ষ্ঠ শ্রেণি/সমমান ইংলিশ মিডিয়াম এর জন্য Level-6), জেএসসি/সমমান পরিকায় উত্তীর্ণ হয়ে ৯ম শ্রেণি/সমমান ইংলিশ মিডিয়াম এর জন্য Level-9) এবং এইচএসসি / সমমান/ A-Level পরিকায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তবিলী:

- (১) আবেদনকারীকে ২০১৯ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান এবং এইচএসসি/ A-Level /সমমান পরিকায় জিপিএ-৪.৮০ (ইংলিশ মিডিয়াম এর জন্য সমমান হোড় ) প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, জেএসসি/সমমান পরিকায় উত্তীর্ণ হয়ে ৯ম শ্রেণি/সমমান এবং এইচএসসি / সমমান/ A-Level পরিকায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে বৈধভাবে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪.০০ (ইংলিশ মিডিয়াম এর জন্য সমমান হোড় )প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;
- (২) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেধাবীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন অথবা বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন কর্তৃক প্রদত্ত মুতের এনওসিতে বৈধ উল্লেখ থাকলে তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে;
- (৪) আর্থিকভাবে অবস্থায় প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অর্থাধিকার দেয়া হবে;
- (৫) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২ (দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে;
- (৬) i) ৬ষ্ঠ শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-6) ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ৩ (তিনি) বছর মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে, ৯ম শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-9) ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ২(দুই) বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে এবং স্নাতক/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৪(চার) বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৫ বছর) মাসিক ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না। ii) উক্ত বৃত্তির সাথে বাংলাদেশ ক্যাটাগরিতে ২০০০/- (দুই হাজার) টাকা, জেএসসি/ সমমান ক্যাটাগরিতে ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং এইচএসসি/সমমান ক্যাটাগরিতে ৪০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে;
- (৭) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
  - i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্পর্কিত পাসপোর্টের পৃষ্ঠা/যাট কার্ড অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেধাবীপ গ্রহণকারী কর্মীর পাসপোর্ট ও ভিসার ফটোকপি);
  - ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;
  - iii) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
  - iv) পিইসি/জেএসসি/এইচএসসি/ A-Level অথবা সমমান পরিকায় মূল নম্বর পত্রের (মার্কিট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);
- (৮) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট ([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;
- (৯) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ১৫ মার্চ, ২০২০ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রাম নং- ১১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা পৌছাতে হবে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর মাধ্যমে আবেদন করা যাবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (১০) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) শিক্ষার্থীর ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে;
- (১১) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (১২) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (১৩) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টারে (ফোন: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)

উপ-সচিব

পরিচালক (আইআরপি)

d.irp@wewb.gov.bd